# BCS প্রিলি. লেকচার শিট বাংলাদেশ বিষয়াবলি

লেকচার ০৯

## Lecture Contents

- বাংলাদেশের প্রশাসন ব্যবস্থা
- প্রশাসনিক পুনর্বিন্যাস ও সংস্কার
- বাংলাদেশের প্রতিরক্ষা ও সশস্ত্র বাহিনী

## বাংলাদেশের প্রশাসন ব্যবস্থা


১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশ স্বাধীনতা অর্জন করে। স্বাধীনতার পূর্বে বাংলাদেশ ছিল পাকিস্তানের অধীনে একটি প্রদেশ। এদেশের প্রশাসনিক ব্যবস্থা ছিল প্রাদেশিক। তৎকালীন এদেশের প্রশাসনিক ব্যবস্থা গণমুখী হয়ে উঠেনি। স্বাধীনতার পর ব্যাপক উন্নতিমূলক কার্যের পরিপ্রেক্ষিতে পুরাতন প্রশাসনিক ব্যবস্থা অনেকটা যুগোপযোগী হয়ে উঠে। প্রশাসনিক ক্ষেত্রে যুক্তরাষ্ট্রীয় পদ্ধতির পরিবর্তে এককেন্দ্রিক ব্যবস্থা প্রবর্তিত হয়। বর্তমান বাংলাদেশের প্রশাসনিক স্তরগুলো- ১. কেন্দ্র, ২. বিভাগ, ৩. জেলা ও ৪. উপজেলা, বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ নিয়ে বাংলাদেশ সরকার গঠিত। শাসন সংক্রান্ত এক বা একাধিক বিভাগ একটি মন্ত্রণালয়ের উপর ন্যস্ত। একটি মন্ত্রণালয়ের প্রধান হলেন মন্ত্রী। আর সচিব হচ্ছেন মন্ত্রণালয়ের প্রশাসনিক কর্মকর্তা। প্রতিটি বিভাগের বা মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত রয়েছে বিভাগ বা অধিদপ্তর। অধিদপ্তরের প্রধান হলেন মহা-পরিচালক বা পরিচালক। এছাড়া এসব অধিদপ্তরের অধীনে পূর্ণ বা আধা স্বায়ত্তশাসিত সংস্থা, বোর্ড ও কর্পোরেশন অন্তর্ভুক্ত রয়েছে। সরকার কর্তৃক গৃহীত আইন, নীতিমালা, কর্মসূচি কিংবা প্রকল্পের বাস্তবায়ন প্রশাসনিক ব্যবস্থা তথা আমলাতান্ত্রিক উপায়ে সম্পন্ন হয়। আমলাদের অর্থাৎ সরকারি কর্মকর্তাদের প্রশাসন পরিচালনার ভিত্তি হলো জ্ঞান এবং প্রশাসনিক কাজ সম্পর্কিত প্রয়োজনীয় প্রশিক্ষণ। বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর ২টি ধারা রয়েছে। যথা:

১. নীতি নির্ধারণী কেন্দ্র বা কেন্দ্রীয় প্রশাসন এবং
২. মাঠ প্রশাসন।

### বাংলাদেশের প্রশাসনিক কাঠামো

বাংলাদেশের প্রশাসনিক কাঠামোকে নিম্নে দুটি ছকের সাহায্যে দেখানো হলো:

**ছক: বাংলাদেশের স্তরভিত্তিক প্রশাসনিক কাঠামো**




উপরের ছকটিতে বাংলাদেশের স্তরভিত্তিক প্রশাসনিক কাঠামো দেখানো হয়েছে। এর প্রথম স্তরটি কেন্দ্রীয় প্রশাসন। সচিবালয় হলো এ প্রশাসনের স্নায়ুকেন্দ্র। সচিবালয় সরকারের কর্মসূচি, নীতি ও পরিকল্পনা প্রণয়ন করে এবং প্রকল্প বাস্তবায়ন ও মূল্যায়ন করে থাকে। সব মন্ত্রণালয় নিয়েই সচিবালয় গঠিত। দ্বিতীয় স্তরটি মাঠ প্রশাসন। সচিবালয়ের সরাসরি নিয়ন্ত্রণে মাঠ প্রশাসন পরিচালিত হয়। মাঠ প্রশাসনের প্রথম ও সর্বোচ্চ ধাপ হলো বিভাগীয় প্রশাসন। একজন বিভাগীয় কমিশনার ও কয়েকজন অতিরিক্ত বিভাগীয় কমিশনার এই প্রশাসন পরিচালনা করেন। দ্বিতীয় ধাপে রয়েছে জেলা প্রশাসন। জেলা প্রশাসক এ প্রশাসনের প্রধান। তৃতীয় বা সর্বনিম্ন পর্যায়ে রয়েছে উপজেলা প্রশাসন। নিম্নে একটি ছকের মাধ্যমে তা দেখানো হল :

**মাঠ প্রশাসন/স্থানীয় প্রশাসন**

| স্তরের নাম | প্রশাসনিক প্রধান |
|---|---|
| বিভাগ | বিভাগীয় কমিশনার |
| জেলা | ডেপুটি কমিশনার (ডিসি বা জেলা প্রশাসক) |
| উপজেলা | উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) |

ক. **রাষ্ট্রপতি:** রাষ্ট্রপতি হলেন বাংলাদেশের রাষ্ট্রপ্রধান। তিনি বাংলাদেশের প্রশাসন ব্যবস্থার শীর্ষ ব্যক্তি। তাঁর নামেই প্রজাতন্ত্রের সকল কাজকর্ম সম্পন্ন হয়। তবে বাংলাদেশে সংসদীয় সরকার ব্যবস্থা প্রচলিত থাকায় রাষ্ট্রপতি হচ্ছেন 'নিয়মতান্ত্রিক শাসক প্রধান' (Constitutional Head) নির্বাহী ক্ষমতা চর্চা করেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী ও প্রধান বিচারপতি নিয়োগ ছাড়া অন্য সকল ক্ষেত্রে রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কাজ সম্পন্ন করেন।

খ. **প্রধানমন্ত্রী:** বাংলাদেশে সংসদীয় সরকার ব্যবস্থা প্রচলিত। সাধারণ নির্বাচনের পর রাষ্ট্রপতি সাধারণত সংখ্যাগরিষ্ঠ দলের সংসদীয় নেতাকেই প্রধানমন্ত্রী নিয়োগ করে থাকেন। প্রধানমন্ত্রী হলেন সরকার প্রধান (Head of the Government)। মন্ত্রিপরিষদের প্রধান হলেন প্রধানমন্ত্রী। মন্ত্রিসভার সাহায্যে প্রধানমন্ত্রীই নির্বাহী ক্ষমতা পরিচালনা করেন। তবে প্রধানমন্ত্রীর নেতৃত্বাধীন মন্ত্রিসভা সকল কাজের জন্য জাতীয় সংসদের নিকট দায়ী থাকেন।

### বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা

সংবিধানের ৫৯(১) নং অনুচ্ছেদ অনুসারে, আইনানুযায়ী নির্বাচিত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠানসমূহের উপর প্রজাতন্ত্রের প্রত্যেক প্রশাসনিক একাংশের স্থানীয় শাসনের ভার প্রদান করা হবে। ৬০ নং অনুচ্ছেদ অনুসারে এই সংবিধানের ৫৯ অনুচ্ছেদের বিধানাবলিকে পূর্ণ কার্যকর করার উদ্দেশ্যে সংসদ আইনের দ্বারা স্থানীয় শাসন সংক্রান্ত প্রতিষ্ঠান সমূহকে স্থানীয় প্রয়োজনে কর আরোপ করার ক্ষমতাসহ বাজেট প্রস্তুতকরণ ও নিজস্ব তহবিল রক্ষণাবেক্ষণের ক্ষমতা প্রদান করবে।

বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা গ্রাম ও শহর ভিত্তিক এ দুইভাগে বিভক্ত। গ্রাম ভিত্তিক স্থানীয় সরকার ব্যবস্থা জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ এ ৩ স্তর বিশিষ্ট। শহর ভিত্তিক স্থানীয় সরকার ব্যবস্থা পৌরসভা ও সিটি কর্পোরেশন এ ২ স্তর বিশিষ্ট।

## ⇒⇒⇒⇒⇒ জেলা পরিষদ

গ্রাম ভিত্তিক স্থানীয় সরকারের সর্বোচ্চ স্তর জেলা পরিষদ। জেলা পরিষদের ১৩১ বছরের ইতিহাসে ২৮ ডিসেম্বর, ২০১৬ সালে প্রথমবারের মতো পার্বত্য তিন জেলা– রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়িকে বাদ দিয়ে অনুষ্ঠিত হয় ৬১ জেলা পরিষদ নির্বাচন। ১১ জানুয়ারি, ২০১৭ সালে নবনির্বাচিত চেয়ারম্যানরা প্রধানমন্ত্রী কাছে এবং ১৮ জানুয়ারি, ২০১৭ সালে জেলা পরিষদের সাধারণ সদস্য ও সংরক্ষিত নারী সদস্য পদে নির্বাচিতরা শপথ গ্রহণ করেন। ১ জন চেয়ারম্যান, ১৫ জন সদস্য এবং সংরক্ষিত আসনে ৫ জন মহিলা সদস্য নিয়ে জেলা পরিষদ গঠিত। জেলা পরিষদের সদস্য সংখ্যা-২১ জন।

## ⇒⇒⇒⇒⇒ উপজেলা পরিষদ

১. উপজেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা- উপজেলা নির্বাহী কর্মকর্তা।
২. উপজেলা পরিষদের সচিব- উপজেলা নির্বাহী কর্মকর্তা।
৩. উপজেলা পরিষদের সদস্য সংখ্যা - ৩ জন।
৪. উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান- ২ জন (এদের মধ্যে ১ জন নারী)।
৫. উপজেলা ব্যবস্থার প্রবর্তক- লে. জে. হুসেইন মুহাম্মদ এরশাদ।
৬. উপজেলা ব্যবস্থা প্রবর্তন করা হয়- ১৯৮২ সালের ৭ নভেম্বর।
৭. দেশের সকল প্রশাসনিক থানাকে উপজেলায় রূপান্তর করা হয়- ১৯৮৫ সালে।
৮. উপজেলা পরিষদ বাতিল ঘোষণা করা হয়- ২৩ নভেম্বর, ১৯৯১ সালে।
৯. উপজেলা ব্যবস্থা পুনঃপ্রবর্তন করা হয়- ৩ ডিসেম্বর, ১৯৯৮, সংসদে আইন পাস করে।
১০. প্রশাসনিক থানাকে পুনরায় উপজেলা নামে অভিহিত করা হয়- ২০ এপ্রিল, ২০০০ সালে।
১১. জাতীয় সংসদে 'উপজেলা পরিষদ (সংশোধন) বিল- ২০০১' পাস হয়- ৪ এপ্রিল, ২০০১ সালে।
১২. দেশের সর্বশেষ উপজেলা- কক্সবাজারের ঈদগাঁও (৪৯৫তম)।

### উপজেলা ও থানা

| | |
|---|---|
| বাংলাদেশ বর্তমানে উপজেলা | ৪৯৫টি |
| বাংলাদেশে থানার সংখ্যা | ৬৫৪টি |
| সর্বশেষ উপজেলা | ঈদগাঁও, কক্সবাজার |
| সর্বশেষ থানা | মুন্সিগঞ্জের লৌহজংয়ে পদ্মা সেতু উত্তর থানা ও শরিয়তপুরের জাজিরায় পদ্মা সেতু দক্ষিণ থানা। |
| বাংলাদেশের বর্তমানে নৌথানা | ১৭টি |
| বাংলাদেশের রেলওয়ে থানা | ২৪টি |
| বাংলাদেশের উত্তর পশ্চিম কোণের থানা | তেতুলিয়া, পঞ্চগড় |
| বাংলাদেশের উত্তর-পূর্ব কোণের থানা | জকিগঞ্জ, সিলেট |
| বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম কোণের থানা | শ্যামনগর, সাতক্ষীরা |
| বাংলাদেশের দক্ষিণ-পূর্ব কোণের থানা | টেকনাফ, কক্সবাজার |

## ⇒⇒⇒⇒⇒ ইউনিয়ন পরিষদ

১৩. ইউনিয়ন পঞ্চায়েতের পরিবর্তে ইউনিয়ন পরিষদ গঠিত হয়- ১৯৭৩ সালে।
১৪. ইউনিয়ন পরিষদকে ৯টি ওয়ার্ডে বিভক্ত করা হয়- ১৯৯৩ সালে।
১৫. ইউনিয়ন পরিষদের সংরক্ষিত নারী সদস্য সংখ্যা- ৩ জন।
১৬. আয়তনে বাংলাদেশের বৃহত্তম ইউনিয়ন- সাজেক (বাঘাইছড়ি, রাঙামাটি)।
১৭. ইউনিয়ন পরিষদে নারীদের জন্য সংরক্ষিত আসনের বিধান করা হয়- ১৯৯৭।
১৮. মোট ইউনিয়ন পরিষদ- ৪,৫৭৮টি (উৎস : জাতীয় তথ্য বাতায়ন)।
১৯. ইউনিয়ন পরিষদের সদস্য সংখ্যা-১৩ জন। চেয়ারম্যান-১ জন, সাধারণ সদস্য- ৯ জন এবং সংরক্ষিত মহিলা সদস্য-৩ জন।

## ⇒⇒⇒⇒⇒ পৌরসভা

শহরাঞ্চলে নিম্নতম স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হচ্ছে পৌরসভা। স্থানীয় সরকার (পৌরসভা) আইন ২০০৯ অনুযায়ী পৌরসভা গঠিত হবে ১ জন মেয়র, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত সংখ্যক ওয়ার্ডের সমান সংখ্যক কাউন্সিলর এবং কেবল মহিলাদের জন্য সংরক্ষিত নির্ধারিত সংখ্যক কাউন্সিলরের সমন্বয়ে। পৌরসভার চেয়ারম্যান বা সদস্য অপসারণের জন্য ২/৩ সদস্যের ভোটের প্রয়োজন হয়। বাংলাদেশের পৌরসভাগুলোকে জনসংখ্যার ভিত্তিতে শ্রেণি বিভাগ করা হয়।

২০. বাংলাদেশে বর্তমানে মোট পৌরসভা সংখ্যা- ৩৩১টি।
২১. পৌরসভার মেয়র বা কাউন্সিলর অপসারণের জন্য ভোটের দরকার-দুই-তৃতীয়াংশ সদস্যের।
২২. শহর এলাকায় স্থানীয় স্বায়ত্তশাসিত সংস্থা হলো- পৌরসভা ও সিটি কর্পোরেশন।
২৩. পৌরসভা চেয়ারম্যান ও কমিশনারদের বর্তমান পদবি- যথাক্রমে মেয়র ও কাউন্সিলর।

| | |
|---|---|
| বাংলাদেশে বর্তমানে পৌরসভা | ৩৩১টি |
| ঢাকা পৌরসভা প্রতিষ্ঠিত হয় | ১৮৬৪ সালে |
| ঢাকা পৌরসভা 'পৌর কর্পোরেশনে' রূপান্তরিত হয় | ১৯৭৮ সালে |
| ঢাকা পৌর কর্পোরেশন ঢাকা সিটি কর্পোরেশনে রূপান্তরিত হয় | ১৯৯০ সালে |
| বাংলাদেশের পৌরসভাগুলোকে- | জনসংখ্যার ভিত্তিতে শ্রেণি বিভাগ করা হয়েছে |
| সর্বশেষ পৌরসভা | সাতক্ষীরার শ্যামনগর |

## ⇒⇒⇒⇒⇒ সিটি কর্পোরেশন

সিটি এলাকায় ক্ষুদ্রতম প্রশাসনিক একক ওয়ার্ড। একজন মেয়র, নির্ধারিত ওয়ার্ডের সমানসংখ্যক কাউন্সিলর এবং নির্ধারিত ওয়ার্ডের এক তৃতীয়াংশ সংখ্যক সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর নিয়ে সিটি কর্পোরেশন গঠিত হয়। মেয়র, কাউন্সিলরগণ এবং সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলরগণ জনগণের সরাসরি ভোটে নির্বাচিত হন। সিটি কর্পোরেশনের মেয়র পর্যায় বিশেষে মন্ত্রী, প্রতিমন্ত্রী এবং উপমন্ত্রীর মর্যাদা ভোগ করেন। সিটি কর্পোরেশনের মেয়াদ ৫ বছর।

| | |
|---|---|
| বাংলাদেশে ১২টি সিটি কর্পোরেশন | ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, নারায়ণগঞ্জ, কুমিল্লা, রংপুর, গাজীপুর ও ময়মনসিংহ, প্রস্তাবিত– ফরিদপুর (১৩তম) |
| ঢাকা সিটি কর্পোরেশনকে উত্তর ও দক্ষিণ দুইভাগে ভাগ করা হয় | ২৯ নভেম্বর, ২০১১ |
| সিটি এলাকায় ক্ষুদ্রতম প্রশাসনিক একক | ওয়ার্ড |
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ওয়ার্ড সংখ্যা | ৫৪টি |
| ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ওয়ার্ড সংখ্যা | ৭৫টি |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনে ওয়ার্ড সংখ্যা | ৪১টি |

## স্থানীয় সরকার ব্যবস্থার প্রথম

| | |
|---|---|
| প্রথমে উপজেলা গঠিত হয় | ৪৫টি |
| প্রথম উপজেলা নির্বাচন অনুষ্ঠিত হয় | ১৬-২০ মে, ১৯৮৫ (৪৬০ উপজেলায়) |
| প্রথম ইউনিয়ন পরিষদের নির্বাচন হয় | ১১-৩০ ডিসেম্বর, ১৯৭৩ |
| চট্টগ্রাম মিউনিসিপ্যালটির প্রথম প্রশাসক | জে ডি ওয়ার্ড |
| চট্টগ্রাম মিউনিসিপ্যালটির প্রথম নির্বাচিত চেয়ারম্যান | খান বাহাদুর আবদুস সাত্তার |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রথম অনির্বাচিত মেয়র | মাহমুদুল ইসলাম চৌধুরী |
| ঢাকা প্রথম পৌরসভার মর্যাদা লাভ করে | ১ আগষ্ট ১৮৬৪ (তখন নাম ছিল ঢাকা মিউনিসিপ্যাল কমিটি) |
| ঢাকা পৌরসভার প্রথম চেয়ারম্যান | ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট মিস্টার স্কিনার |
| ঢাকা পৌরসভার প্রথম দেশীয় চেয়ারম্যান | খাজা মোহাম্মদ আজগর, ১৮৭৯ |
| ঢাকা পৌরসভার প্রথম নির্বাচন হয় | ১৮৮৪ সালে |
| ঢাকা পৌরসভার প্রথম নির্বাচিত চেয়ারম্যান | রায় বাহাদুর আনন্দচন্দ্র রায় (১৮৮৫-১৮৮৮) |

## এক কথায় উত্তর

১. **প্রশাসনিক পুনর্গঠন ও সংস্কার কমিটি গঠিত হয় কবে?**
**উত্তর:** ১৯৮২ সালে।

২. **প্রশাসনিক সংস্কার হিসেবে 'মহকুমাকে' উন্নীতকরণ করা হয়েছিল?**
**উত্তর:** জেলা হিসেবে।

৩. **কোনো মন্ত্রণালয়ের বা তার বিভাগগুলোর প্রধান প্রশাসনিক কর্মকর্তা কে?**
**উত্তর:** সচিব।

৪. **বাংলাদেশ সচিবালয় প্রথম কোথায় যাত্রা শুরু করে?**
**উত্তর:** ইডেন বিল্ডিং।

৫. **সংস্থাপন মন্ত্রণালয়ের নাম জনপ্রশাসন মন্ত্রণালয় করা হয় কবে?**
**উত্তর:** ২৮ এপ্রিল ২০১১।

৬. **বাংলাদেশের সর্বশেষ গঠিত মন্ত্রণালয় কোনটি?**
**উত্তর:** রেলপথ মন্ত্রণালয়।

৭. **মন্ত্রণালয়ের নির্বাহী প্রধান কে?**
**উত্তর:** মন্ত্রী।

৮. **'গ্রাম সরকার ব্যবস্থার' বিলুপ্তি সাধন হয়েছিল কবে?**
**উত্তর:** ১৯৮২ সালে।

৯. **উপজেলা পরিষদ ব্যবস্থার প্রবর্তন শুরু হয়েছিল কবে?**
**উত্তর:** ১৯৮২ সালে।

১০. **রাষ্ট্রপতির কার্যালয়ের বিভাগ কয়টি?**
**উত্তর:** ২টি।

১১. **বাংলাদেশে বর্তমানে মোট মন্ত্রণালয়ের সংখ্যা কতটি?**
**উত্তর:** ৪১টি (রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়সহ)।

১২. **বাংলাদেশের আয়তনে বড় বিভাগ কোনটি?**
**উত্তর:** চট্টগ্রাম এবং সবচেয়ে ছোট বিভাগ– ময়মনসিংহ।

১৩. **বাংলাদেশের সবচেয়ে বড় জেলা কোনটি?**
**উত্তর:** রাঙ্গামাটি।

১৪. **শহরাঞ্চলে স্থানীয় সরকার বিভক্ত–**
**উত্তর:** দু'স্তরে। সিটি কর্পোরেশন ও পৌরসভা।

১৫. **মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় গঠিত হয় কবে?**
**উত্তর:** ২৩ অক্টোবর, ২০০১।

১৬. **বাংলাদেশ সরকারের প্রশাসনিক কাঠামোর উৎস কোনটি?**
**উত্তর:** সচিবালয়।

১৭. **বাংলাদেশের বৃহত্তর জেলা কতটি?**
**উত্তর:** ১৯টি।

১৮. **বাংলাদেশে কোন জেলায় জেলা প্রশাসক নেই?**
**উত্তর:** রাঙামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি।

১৯. **বাংলাদেশের প্রথম ডিজিটাল জেলা কোনটি?**
**উত্তর:** যশোর।

২০. **জেলা পর্যায়ের স্থানীয় প্রশাসনের নাম কী?**
**উত্তর:** জেলা পরিষদ।

২১. **বাংলাদেশে প্রথমবারের মত মহিলা ডিসি নিয়োগ করা হয় কবে?**
**উত্তর:** ২০ মার্চ, ২০০১।

২২. **ভোটের মাধ্যমে নির্বাচিত দেশের প্রথম ও একমাত্র নারী জেলা পরিষদ চেয়ারম্যান হলেন-**
**উত্তর:** রংপুর জেলার ছাফিয়া খানম।

২৩. **বাংলাদেশে বর্তমানে বিভাগ কয়টি?**
**উত্তর:** ৮টি।

২৪. **বাংলাদেশে বর্তমান সিটি কর্পোরেশনের সংখ্যা কতটি?**
**উত্তর:** ১২টি।

২৫. **আয়তনে বাংলাদেশের ক্ষুদ্রতম জেলা কোনটি?**
**উত্তর:** নারায়ণগঞ্জ।

২৬. **জনসংখ্যায় বাংলাদেশের বৃহত্তম জেলা কোনটি?**
**উত্তর:** ঢাকা।

২৭. **জনসংখ্যায় বাংলাদেশের ক্ষুদ্রতম জেলা কোনটি?**
**উত্তর:** বান্দরবান।

২৮. **জনসংখ্যায় বৃহত্তম উপজেলা কোনটি?**
**উত্তর:** গাজীপুর সদর।

২৯. **দেশে বর্তমানে মোট উপজেলার সংখ্যা কতটি?**
**উত্তর:** ৪৯৫টি।

৩০. **নিম্নপর্যায়ের বা স্থানীয়ভাবে সংগঠিত সরকার ব্যবস্থাকে বলে?**
**উত্তর:** স্থানীয় সরকার।

৩১. **বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা কোন মন্ত্রণালয়ের অধীন?**
**উত্তর:** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

৩২. **বাংলাদেশের স্থানীয় শাসন অর্ডিন্যান্স জারি হয় কবে?**
**উত্তর:** ১৯৭৬ সালে।

**৩৩. সিটি কর্পোরেশনের মেয়রকে শপথ বাক্য পাঠ করান কে?**
**উত্তর:** প্রধানমন্ত্রী।

**৩৪. সিটি কর্পোরেশনের কাউন্সিলরদের শপথ বাক্য পাঠ করান কে?**
**উত্তর:** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী।

**৩৫. বাংলাদেশে কত স্তর বিশিষ্ট স্থানীয় সরকার বিদ্যমান?**
**উত্তর:** ৩ স্তর।

**৩৬. ঢাকা পৌরসভার প্রথম নির্বাচিত চেয়ারম্যান কে?**
**উত্তর:** রায় বাহাদুর আনন্দ চন্দ্র রায় (১৮৮৫-৮৮)।

**৩৭. ঢাকা পৌরসভার প্রথম চেয়ারম্যান কে?**
**উত্তর:** ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট মিস্টার স্কিনার।

**৩৮. ঢাকা প্রথম পৌরসভার মর্যাদা লাভ করে কবে?**
**উত্তর:** ১লা আগস্ট, ১৮৬৪।

**৩৯. প্রথম উপজেলা গঠিত হয় কতটি?**
**উত্তর:** ৪৫টি।

**৪০. ঢাকা সিটি কর্পোরেশনকে উত্তর ও দক্ষিণ দুইভাগে ভাগ করা হয় কবে?**
**উত্তর:** ২৯ নভেম্বর, ২০১১।

**৪১. সিটি কর্পোরেশনের মেয়াদ কত বছর?**
**উত্তর:** ৫ বছর।

**৪২. ইউনিয়ন পরিষদে নারীদের জন্য সংরক্ষিত আসনের বিধান করা হয় কবে?**
**উত্তর:** ১৯৯৭ সালে।

**৪৩. শহরভিত্তিক স্থানীয় সরকার ব্যবস্থা কয়স্তর বিশিষ্ট?**
**উত্তর:** ২ স্তর।



## Teacher's Work

**১. বাংলাদেশে ইউনিয়ন পরিষদের সংখ্যা কত?** *[৩৫তম বিসিএস]*
ⓚ ৪৫৫৪ ⓚ ৪৫৫০ ⓖ ৪৫৭৮ ⓖ ৪৬০০ — গ

(ক) ৪৫৫৪ (খ) ৪৫৫০ (গ) ৪৫৭৮ (ঘ) ৪৬০০ — **উত্তর: গ**

**২. বাংলাদেশের উপজেলা ব্যবস্থা চালু হয় কবে?**
(ক) ১৯৮২ (খ) ১৯৮৫ (গ) ১৯৯১ (ঘ) ১৯৯২ — **উত্তর: ক**

**৩. অধিদপ্তরের দায়িত্বে নিয়োজিত থাকেন কে?**
(ক) সচিব (খ) মন্ত্রী (গ) মহাপরিচালক (ঘ) পরিচালক — **উত্তর: গ**

# প্রশাসনিক পুনর্বিন্যাস ও সংস্কার

## NICAR

NICAR এর পূর্ণরূপ হলো National Implementation Committee for Administrative Reform. বা প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি। এর মূল দায়িত্ব হলো প্রশাসনিক সংস্কারের জন্য নীতিমালা প্রণয়ন করে তা বাস্তবায়নের জন্য সরকারের নিকট উপস্থাপন। যেমন: বড় কোন বিভাগকে ভাগ করে নতুন বিভাগ বা জেলা বা থানা ইত্যাদি প্রতিষ্ঠা করার জন্য নীতিমালা প্রণয়ন করে নিকার।

১. NICAR এর আহ্বায়ক হলেন → মাননীয় প্রধানমন্ত্রী।
২. নিকার (NICAR) এর কাজসমূহ নিম্নরূপ → ১. নতুন বিভাগ, জেলা, উপজেলা ও থানা গঠন/ স্থাপনের প্রস্তাব বিবেচনা; ২. বিভাগ, জেলা, উপজেলা ও থানার সীমানা পুনঃনির্ধারণ সংক্রান্ত প্রস্তাব বিবেচনা। মন্ত্রিপরিষদ বিভাগ ও কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
৩. বর্তমানে দেশে প্রশাসনিক বিভাগের সংখ্যা → ১০টি (প্রস্তাবিত ২টি বিভাগ-পদ্মা ও মেঘনা সহ)
৪. বর্তমানে দেশে প্রশাসনিক জেলার সংখ্যা → ৬৪টি। (প্রস্তাবিত– ভৈরব (৬৫তম)
৫. নিকার অনুমোদিত সর্বশেষ উপজেলা → ঈদগাঁও, কক্সবাজার (৪৯৫তম)।
৬. দেশে মোট সিটি কর্পোরেশনের সংখ্যা → ১২টি (প্রস্তাবিত ফরিদপুর (১৩তম)।
৭. দেশে বর্তমানে মোট থানা → ৬৫৪ টি।
৮. ইউনিয়ন: ৪,৫৭৮টি (অর্থনৈতিক সমীক্ষা- ২০২২)
৯. কোনটিকে সংস্কার করে জেলা গঠন করা হয় → মহকুমা।

## বাংলাদেশের প্রতিরক্ষা ও সশস্ত্র বাহিনী

বাংলাদেশের প্রতিরক্ষা ব্যবস্থা সেনা, নৌ ও বিমান বাহিনীর সমন্বয়ে গঠিত।

### ⇒⇒⇒⇒⇒⇒ সেনাবাহিনী

১. বাংলাদেশ সেনাবাহিনীর প্রতিষ্ঠা- ১২ জুলাই, ১৯৭১।
২. বাংলাদেশ সেনাবাহিনীর সদর দপ্তর- ঢাকা সেনানিবাস।
৩. বাংলাদেশ সেনাবাহিনীর স্লোগান- সমরে আমরা, শান্তিতে আমরা, সর্বত্র আমরা দেশের তরে।
৪. বাংলাদেশ সেনাবাহিনীর প্রথম জেনারেল- জেনারেল মোহাম্মদ আতাউল গণি ওসমানী।
৫. দেশের প্রথম নারী ছাত্রীসেনা (প্যারাট্রুপার) বাংলাদেশ সেনাবাহিনীর- ক্যাপ্টেন জান্নাতুল ফেরদৌস।
৬. বাংলাদেশ সেনাবাহিনীতে আনুষ্ঠানিকভাবে নারী সৈনিকের অন্তর্ভুক্তি ঘটে- ২৯ জানুয়ারি, ২০১৫।
৭. বাংলাদেশ সেনাবাহিনীর পূর্ব নাম- ইস্টবেঙ্গল রেজিমেন্ট।
৮. ইস্টবেঙ্গল রেজিমেন্টের প্রতিষ্ঠাতা- মেজর গণি।
৯. মেজর গণিকে যে যুদ্ধে 'টাইগার' উপাধি দেয়া হয়েছিল- ১৯৬৫ সালের পাক-ভারত যুদ্ধে।
১০. বাংলাদেশ সামরিক জাদুঘর অবস্থিত- বিজয় সরণি, তেজগাঁও (ঢাকা)।
১১. বাংলাদেশ মিলিটারি একাডেমি অবস্থিত- চট্টগ্রামের ভাটিয়ারিতে (পূর্বে ছিল কুমিল্লায়)।
১২. 'সোর্ড অব অনার' সম্মান প্রদান করা হয়- সশস্ত্র বাহিনীর ক্যাডেটদেরকে।
১৩. বর্তমান সেনাবাহিনীর প্রধান জেনারেল এস. এম শফিউদ্দীন আহমেদ ১৯তম (২৪ জুন ২০২১-বর্তমান) (যুদ্ধ পরবর্তী ১৯৭২ থেকে-১৭ তম)

## ⇒⇒⇒⇒⇒⇒ নৌবাহিনী

**১৪.** বাংলাদেশ নৌবাহিনীর প্রতিষ্ঠা- ৯ নভেম্বর, ১৯৭১।
**১৫.** বাংলাদেশ নৌবাহিনীর প্রথম (বাংলাদেশে তৈরি প্রথম) রণতরী- বিএনএস পদ্মা (বানৌজা পদ্মা)।
**১৬.** দেশের বৃহত্তম যুদ্ধ জাহাজের নাম- বিএনএস সমুদ্র জয়।
**১৭.** বাংলাদেশ নেভাল একাডেমী অবস্থিত- চট্টগ্রামের পতেঙ্গায়।
**১৮.** বাংলাদেশ নৌবাহিনীর উল্লেখযোগ্য ব্রিগেড- বিএনএস ওসমান, বিএনএস ওমর ফারুক ও বিএনএস বঙ্গবন্ধু।
**১৯.** বাংলাদেশে তৈরি ৫টি যুদ্ধ জাহাজ- বানৌজা পদ্মা, বানৌজা অপরাজেয়, বানৌজা অদম্য, বানৌজা অতন্দ্র এবং বানৌজা সুরমা।
**২০.** নৌ বা সমুদ্রপথের পাহারায় নিয়োজিত অস্ত্রসজ্জিত ও দ্রুতগতি সম্পন্ন জাহাজ- Patrol Craft।
**২১.** বাংলাদেশ নৌবাহিনীতে প্রথম নারী ক্যাডেট নিয়োগ দেয়া হয়- ১২ জানুয়ারি, ২০০০।
**২২.** বাংলাদেশ নৌবাহিনী যে দুটি জাহাজ নিয়ে যাত্রা শুরু করে- বিএনএস পদ্মা ও পলাশ।
**২৩.** খুলনা শিপইয়ার্ড যে মন্ত্রণালয়ের অধীন- প্রতিরক্ষা।
**২৪.** বাংলাদেশ নৌবাহিনীর প্রতীক- কাছিবেষ্টিত নোঙর ও উপরে শাপলা।
**২৫.** বাংলাদেশ নৌবাহিনীর স্লোগান- শান্তিতে সংগ্রামে সমুদ্র দুর্জয়।

## ⇒⇒⇒⇒⇒⇒ বিমানবাহিনী

**২৬.** বাংলাদেশ বিমান বাহিনী গঠিত হয়- ২৮ সেপ্টেম্বর, ১৯৭১।
**২৭.** বাংলাদেশ বিমান বাহিনীর প্রতীক- উড়ন্ত ঈগলের ওপরে শাপলা এবং দু'পাশে দুটি করে মোট ৪টি তারকা।
**২৮.** বাংলাদেশ এয়ারফোর্স একাডেমি অবস্থিত- যশোর (পূর্বে ছিল ঢাকা)।
**২৯.** বাংলাদেশ এয়ার ফোর্স একাডেমি প্রতিষ্ঠা- ১৯৭৪ সালে।
**৩০.** বাংলাদেশ বিমান বাহিনীর ত্রৈমাসিক সংবাদপত্রের নাম- ঈগল (EAGLE)।
**৩১.** 'ঈগল' পত্রিকা প্রকাশিত হয়- ১৯৮৮ সাল থেকে।
**৩২.** 'বিমান সেনা'- বাংলাদেশ বিমান বাহিনী কর্তৃক প্রকাশিত ষান্মাসিক পত্রিকা।
**৩৩.** বাংলাদেশ এয়ার ফোর্স জাদুঘর অবস্থিত- ঢাকা সেনানিবাস।
**৩৪.** বাংলাদেশ বিমান বাহিনীর সদর দপ্তর অবস্থিত- ঢাকা সেনানিবাস।
**৩৫.** বাংলাদেশ বিমান বাহিনীর স্লোগান- 'বাংলার আকাশ রাখিব মুক্ত'।
**৩৬.** প্রথম বাঙালি মুসলিম বিমান সেনা- স্কোয়াড্রন লিডার আফাজুর রহমান।

## ⇒⇒⇒⇒⇒⇒ বর্ডার গার্ড বাংলাদেশ (BGB)

| | |
|---|---|
| বিডিআর (BDR) এর বর্তমান নাম | Border Guard Bangladesh (BGB) |
| বিজিবি (BGB) | একটি আধা সামরিক বাহিনী |
| বিজিবির কাজ | দেশের সীমান্ত রক্ষা করা, চোরাচালান দমন করা এবং সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন |
| বিজিবি এর গঠনকালীন নাম | রামগড় লোকাল ব্যাটালিয়ান (১৭৭৫ সালে) |
| বিজিবির আনুষ্ঠানিক যাত্রা শুরু হয় | ২৩ জানুয়ারি, ২০১১ |
| বিজিবি এর সদর দপ্তর | পিলখানা, ঢাকা |
| পিলখানায় বিডিআর বিদ্রোহ হয় | ২৫-২৬ ফেব্রুয়ারি, ২০০৯ |
| রাইফেলস ট্রেনিং একাডেমি 'বায়তুল ইজ্জত' এ অবস্থিত | সাতকানিয়া, চট্টগ্রাম |

## সশস্ত্র বিভাগ

**বাংলাদেশের সামরিক ও আধা-সামরিক বাহিনীর পদমর্যাদা :**

| সেনা | নৌ | বিমান | বিজিবি | কোস্ট গার্ড |
|---|---|---|---|---|
| জেনারেল | এডমিরাল | এয়ারচিফ মার্শাল | - | - |
| লেফটেন্যান্ট জেনারেল | ভাইস অ্যাডমিরাল | এয়ার মার্শাল | - | - |
| মেজর জেনারেল | রিয়ার অ্যাডমিরাল | এয়ার ভাইস মার্শাল | মেজর জেনারেল | রিয়ার অ্যাডমিরাল |
| ব্রিগেডিয়ার জেনারেল | কমোডর | এয়ার কমোডর | ব্রিগেডিয়ার জেনারেল | কমোডর |
| কর্নেল | ক্যাপ্টেন | গ্রুপ ক্যাপ্টেন | কর্নেল | ক্যাপ্টেন |
| লেফটেন্যান্ট কর্নেল | কমান্ডার | উইং কমান্ডার | লেফটেন্যান্ট কর্নেল | কমান্ডার |
| মেজর | লেফটেন্যান্ট কমান্ডার | স্কোয়াড্রন লিডার | মেজর | কমান্ডার |
| ক্যাপ্টেন | লেফটেন্যান্ট | ফ্লাইট লেফটেন্যান্ট | ক্যাপ্টেন | লেফটেন্যান্ট |
| লেফটেন্যান্ট | সাব লেফটেন্যান্ট | ফ্লাইং অফিসার | লেফটেন্যান্ট | সাব লেফটেন্যান্ট |
| সেকেন্ড লেফটেন্যান্ট | মিডশিপম্যান | পাইলট অফিসার | সেকেন্ড লেফটেন্যান্ট | মিডশিপ ম্যান ক্যাডেট |

**বি. দ্র:** কোন কোন দেশে সেনাবাহিনীতে 'জেনারেল'-এর উপরে 'ফিল্ড মার্শাল' বিমান বাহিনীতে 'এয়ার মার্শাল' -এর উপরে 'এয়ার চিফ মার্শাল' ও 'মার্শাল অব দি এয়ারফোর্স' এবং নৌবাহিনীতে 'ভাইস এডমিরাল'-এর উপরে 'এডমিরাল' ও 'এডমিরাল অব দি ফ্লিট' পদ রয়েছে।

## বাংলাদেশ পুলিশ

| | |
|---|---|
| POLICE শব্দটির উৎপত্তি | পর্তুগিজ শব্দ হতে |
| পাক-ভারত উপমহাদেশে পুলিশ সার্ভিস চালু হয়- | ১৮৬১ সালে লর্ড ক্যানিংয়ের শাসনামলে |
| বাংলাদেশের পুলিশ প্রশাসন পরিচালিত হয়- | ১৮৬১ সালের প্রণীত রেগুলেশন দ্বারা |
| বাংলাদেশ পুলিশ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন |
| বাংলাদেশ পুলিশের মনোগ্রাম- | একপাশে ধানের শীষ ও অপর পাশে গমের শীষ মাঝখানে ভাসমান পালতোলা নৌকা, শীর্ষদেশে শাপলা ফুল এবং নিচে বাংলায় লেখা পুলিশ। |
| বাংলাদেশ পুলিশের মূলনীতি- | শান্তি-শৃঙ্খলা, নিরাপত্তা ও প্রগতি |
| বাংলাদেশ পুলিশের অঞ্চলগুলো হলো- | রেঞ্জ, জেলা, সার্কেল, থানা |
| পুলিশের সর্বোচ্চ পদকর্তার পদবী | IGP (Inspector General of Police) |
| পুলিশ রেঞ্জের প্রধান কর্মকর্তা | ডেপুটি ইন্সপেক্টর জেনারেল (DIG) |
| জেলা পুলিশ প্রধানের পদবী | সুপারিনটেনডেন্ট অব পুলিশ (SP) |
| থানার দায়িত্বপ্রাপ্ত পুলিশের প্রধান | অফিসার ইন চার্জ (OC) |
| মেট্রোপলিটন পুলিশের প্রধান | পুলিশ কমিশনার |
| পুলিশ বাহিনীর পুরস্কার | বীরত্ব পুরস্কার এবং জেনারেল সার্ভিস মার্ক (GS Mark) |
| বাংলাদেশ পুলিশ একাডেমি অবস্থিত | সারদা, রাজশাহী |
| বাংলাদের আনসার-ভিডিপি একাডেমি অবস্থিত | শফিপুর, গাজীপুর |



## ■ র‍্যাব (RAB)

| | |
|---|---|
| র‍্যাব (RAB) এর পূর্ণরূপ | Rapid Action Battalion |
| র‍্যাব (RAB) গঠনের জন্য সংস্কার করা হয় | আর্মড পুলিশ ব্যাটালিয়ন এ্যাক্ট- ১৯৭৯ |
| জাতীয় সংসদে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান (র‍্যাব) আইন পাস হয় | ৯ জুলাই, ২০০৩ |
| র‍্যাব আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে | ২৬ মার্চ, ২০০৪ |
| র‍্যাব (RAB) এর পূর্বনাম | RAT (Rapid Action Team) |
| র‍্যাব গঠিত হয় | সেনা, নৌ, বিমান, পুলিশ, আনসার, বিডিআর এবং কোস্টগার্ড বাহিনী হতে ডেপুটেশনে সদস্য নিয়ে |
| র‍্যাবের সদর দপ্তর | কুর্মিটোলা, ঢাকা |
| র‍্যাবের শ্লোগান | বাংলাদেশ আমার অহঙ্কার |

## ■ বাংলাদেশের স্পেশাল বাহিনী

| | |
|---|---|
| SSF এর পূর্ণরূপ | Special Security Force |
| SSF নিরাপত্তা প্রদান করে | রাষ্ট্রপ্রধান, সরকার প্রধান ও সরকারঘোষিত VIP ব্যক্তিদের |

| | |
|---|---|
| PGR | বাংলাদেশের রাষ্ট্রপতির ব্যক্তিগত নিরাপত্তা বাহিনী |
| PGR এর পূর্ণরূপ | President Guard Regiment |

## ■ বাংলাদেশের গুরুত্বপূর্ণ গোয়েন্দা সংস্থা

| নাম | পূর্ণরূপ | যে সংস্থার গোয়েন্দা |
|---|---|---|
| জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা | National Security Intelligence (NSI) | বাংলাদেশ সরকার |
| প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর | Directorate General of Forces Intelligence (DGFI) | সামরিক বাহিনী |
| সামরিক গোয়েন্দা সংস্থা | Directorate of Military Intelligence (DMI) | সামরিক বাহিনী |
| অপরাধ তদন্ত বিভাগ | Criminal Investigation Department (CID) | বাংলাদেশ পুলিশ |
| বিশেষ শাখা | Special Branch (SB) | বাংলাদেশ পুলিশ |
| সেন্ট্রাল ইনটেলিজেন্স ইউনিট | Central Intelligence Unit (CIU) | জাতীয় রাজস্ব বোর্ড |
| ফিন্যান্সিয়াল ইনটেলিজেন্স ইউনিট | Financial Intelligence Unit | বাংলাদেশ ব্যাংক |

## এক কথায় উত্তর

১. **বাংলাদেশ সশস্ত্র বাহিনী গঠিত হয় কবে?**
উত্তর: ২১ নভেম্বর, ১৯৭১।

২. **সশস্ত্র বাহিনী দিবস কবে পালিত হয়?**
উত্তর: ২১ নভেম্বর।

৩. **বাংলাদেশ অর্ডিন্যান্স ফ্যাক্টরি (BOF)-এর প্রতিষ্ঠা কত সালে?**
উত্তর: ১৯৭০ সালে।

৪. **বাংলাদেশে অর্ডিন্যান্স ফ্যাক্টরি কোন মন্ত্রণালয়ের অধীন?**
উত্তর: প্রতিরক্ষা মন্ত্রণালয়।

৫. **বাংলাদেশ অর্ডিন্যান্স ফ্যাক্টরি নিয়ন্ত্রণ করে কে?**
উত্তর: বাংলাদেশ সেনাবাহিনী।

৬. **জাতীয় রাজস্ব বোর্ডের অধীন গোয়েন্দা সংস্থার নাম কী?**
উত্তর: CIU (Central Intelligence Unit)।

৭. **RAB এর পূর্ব নাম কী ছিলো?**
উত্তর: RAT (Rapid Action Team)।

৮. **RAB আনুষ্ঠানিকভাবে কবে যাত্রা শুরু করে?**
উত্তর: ২৬ মার্চ, ২০০৪।

৯. **জেনারেল সার্ভিস মার্ক (GS mark) পুরস্কার টি কোন বাহিনীকে দেয়া হয়?**
উত্তর: পুলিশ বাহিনী।

১০. **BGB এর গঠনকালীন নাম কী ছিলো?**
উত্তর: রামগড় লোকাল ব্যাটালিয়ন (১৯৭৫)।

১১. **বাংলাদেশ সেনাবাহিনীর ত্রৈমাসিক সংবাদ পত্রের নাম কী?** উত্তর: ঈগল।

১২. **বাংলাদেশে তৈরি প্রথম রণতরীর নাম কী?** উত্তর: BNS পদ্মা।

১৩. **বাংলাদেশ পুলিশ একাডেমি কোথায় অবস্থিত?**
উত্তর: সারদা রাজশাহী।

১৪. **র‍্যাবের শ্লোগান কী?**
উত্তর: বাংলাদেশ আমার অহংকার।

১৫. **বাংলাদেশ ব্যাংকের গোয়েন্দা সংস্থার নাম কী?**
উত্তর: ফিন্যান্সিয়াল ইনটেলিজেন্স ইউনিট।

১৬. **PGR এর পূর্ণরূপ কী?**
উত্তর: President Guard Regiment।

১৭. **মেট্রোপলিটন পুলিশ পদকর্তার পদবী কী?**
উত্তর: পুলিশ কমিশনার

১৮. **বিমান বাহিনীর সর্বোচ্চ পদ মর্যাদা কোনটি?**
উত্তর: এয়ারচিফ মার্শাল।

১৯. **পিলখানায় বিডিআর বিদ্রোহ সংগঠিত হয় কবে?**
উত্তর: ২৫-২৬ ফেব্রুয়ারি, ২০০৯।

২০. **BGB (Border Guard Bangladesh) কোন ধরনের বাহিনী?**
উত্তর: একটি আধা সামরিক বাহিনী।

২১. **বাংলাদেশ এয়ারফোর্স একাডেমি কোথায় অবস্থিত?**
উত্তর: যশোর (পূর্বে ছিল ঢাকা)।

২২. **প্রথম বাঙালি মুসলিম বিমান সেনা?**
উত্তর: স্কোয়াড্রন লিডার আফাজুর রহমান।

২৩. **বাংলাদেশ নৌবাহিনীতে ১ম নারী ক্যাডেট নিয়োগ দেয়া হয় কবে?**
উত্তর: ১২ জানুয়ারি, ২০০০।

২৪. **বাংলাদেশ নেভাল একাডেমি কোথায় অবস্থিত?**
উত্তর: পতেঙ্গা, চট্টগ্রাম।

## Teacher's Work

১. **বাংলাদেশের পুলিশ আইন প্রণীত হয়-**
ⓚ ১৮৫৪ সালে ⓚ ১৯৭১ সালে ⓖ ১৮৬১ সালে ⓖ ১৯৪৭ সালে — গ

২. **রাইফেলস ট্রেনিং একাডেমি কোথায় অবস্থিত?**
ক পিলখানা, ঢাকা খ ভাটিয়ারি, চট্টগ্রাম গ সাত কানিয়া, চট্টগ্রাম ঘ যশোর — গ

৩. **মেজর এম.এ.জি ওসমানীকে টাইগার উপাধি দেয়া হয়েছিলো কোন যুদ্ধে?**
ক বাংলাদেশ-পাকিস্তান যুদ্ধ খ ভারত-পাকিস্তান যুদ্ধ ১৯৬৫ গ ভারত-চীন যুদ্ধ ঘ ভারত-পাকিস্তান যুদ্ধ ১৯৭১ — খ

## Unique Question for Student Practice

১. বাংলাদেশে তৈরি Patrol Craft কোন ধরনের বাহক?
ক সাবমেরিন খ যুদ্ধজাহাজ
গ উড়োজাহাজ ঘ রেল ইঞ্জিন — খ

২. বাংলাদেশ নৌবাহিনীর সদর দপ্তর কোথায়?
ক ঢাকা খ চট্টগ্রাম গ যশোর ঘ খুলনা — ক

৩. বাংলাদেশ সশস্ত্র বাহিনীর কোন পর্যায়ের উপাধি 'অ্যাডমিরাল'?
ক সেনাবাহিনী খ পুলিশ বাহিনী
গ নৌবাহিনী ঘ বিমানবাহিনী — গ

৪. সম্প্রতি বাংলাদেশের ১৫জন সামরিক অফিসার প্লেন দুর্ঘটনায় কোথায় মারা যান?
ক সিয়েরা লিওন খ বেনিন
গ লাইবেরিয়া ঘ লেবানন — খ

৫. যে কারণে বাংলাদেশের সেনাবাহিনী বিশ্বের সুনাম অর্জন করেছে-
ক আন্তর্জাতিক শান্তিরক্ষা কার্যক্রম
খ স্থলমাইন উদ্ধার
গ মানব কল্যাণ কার্যক্রম
ঘ দেশের বন্যাকবলিত এলাকায় ত্রাণ কার্যক্রমে অংশগ্রহণ — ক

৬. সারদা পুলিশ একাডেমী কোন নদীর তীরে অবস্থিত?
ক পদ্মা খ যমুনা গ করতোয়া ঘ আত্রাই — ক

৭. বাংলাদেশ রাইফেলস-এর বর্তমান নাম কি?
ক বাংলাদেশ বর্ডার গার্ড খ বর্ডার গার্ড বাংলাদেশ
গ বাংলাদেশ গার্ড ঘ গার্ড বাংলাদেশ — খ

৮. 'কোস্ট গার্ড' (Coast Guard) প্রতিষ্ঠানটি বাংলাদেশের কোন মন্ত্রণালয়ের অধীনে?
ক প্রতিরক্ষা মন্ত্রণালয় খ নৌ-পরিবহন ও জাহাজ চলাচল মন্ত্রণালয়
গ স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘ সংস্থাপন মন্ত্রণালয় — গ

৯. র‍্যাব গঠনের লক্ষ্যে আইন পাস হয় কত তারিখে?
ক ১৬ জুলাই ২০০২ খ ৯ জুলাই ২০০৩
গ ৯ জুলাই ২০০৪ ঘ ৩০ জুলাই ২০০৫ — খ

১০. সন্ত্রাস দমনে র‍্যাব কবে থেকে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করে?
ক ২০ মার্চ, ২০০৩ খ ২৬ মার্চ, ২০০৪
গ ১৫ জানুয়ারি, ২০০৫ ঘ ৩০ ডিসেম্বর ২০০৩ — খ

১১. বর্তমান আইন-শৃঙ্খলা রক্ষায় নবগঠিত র‍্যাব এর পূর্ব নাম কি ছিল?
ক সিআইডি খ র‍্যাট গ নিব ঘ কোনোটিই নয় — খ

১২. বাংলাদেশ পুলিশ একাডেমি কোথায় অবস্থিত?
ক ঢাকা জেলার সাভারে খ চট্টগ্রাম জেলার ভাটিয়ারীতে
গ কুমিল্লা জেলার ময়নামতিতে ঘ রাজশাহী জেলার সারদায় — ঘ

১৩. সারদা পুলিশ একাডেমির বর্তমান নাম কী?
ক বাংলাদেশ পুলিশ খ পুলিশ ফোর্স
গ বাংলাদেশ পুলিশ একাডেমি ঘ পুলিশ ইন্টারন্যাশনাল — গ

১৪. পুলিশের ঘুষ ও দুর্নীতি নিয়ন্ত্রণের জন্য যে সেল গঠন করা হয়েছে তার নাম কি?
ক সেন্ট্রাল ইন্টেলিজেন্স খ সিকিউরিটি সেল
গ র‍্যাট ঘ কাউন্টার ইন্টেলিজেন্স — ঘ

১৫. বাংলাদেশ 'র‍্যাব'-এর প্রতিশব্দ কি?
ক রেড আর্মি ব্রিগেড খ র‍্যাপিড আর্মি ব্যাটালিয়ন
গ র‍্যাপিড অ্যাকশন ব্রিগেড ঘ র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন — ঘ

১৬. বাংলাদেশের দেশরক্ষা বাহিনীর সংগঠন বিভক্ত-
ক দুভাগে খ পাঁচ ভাগে গ চার ভাগে ঘ তিন ভাগে — ঘ

১৭. নিচের কোনটি বাংলাদেশের প্রতিরক্ষা বাহিনী?
ক সেনাবাহিনী খ পুলিশ
গ বিজিবি ঘ ফায়ার সার্ভিস — ক

১৮. নিচের কোনটি বাংলাদেশের প্রতিরক্ষা বাহিনী নয়?
ক সেনাবাহিনী খ নৌবাহিনী
গ বিজিবি ঘ কোনোটিই নয় — গ

১৯. বাংলাদেশ নৌবাহিনীর সদরদপ্তর কোথায়?
ক ঢাকা খ চট্টগ্রাম গ যশোর ঘ খুলনা — ক

২০. বাংলাদেশ সেনাবাহিনীর সর্বোচ্চ পদ-
ক জেনারেল খ লেফটেন্যান্ট জেনারেল
গ ফিল্ড মার্শাল ঘ ভাইস-এডমিরাল — ক

২১. সেনাবাহিনীতে নিচের চারটি পদের কোনটি সর্বোচ্চ?
ক ব্রিগেডিয়ার জেনারেল খ লেফটেন্যান্ট জেনারেল
গ মেজর জেনারেল ঘ লেফটেনেন্ট কর্নেল — খ

২২. বাংলাদেশ রাইফেলস্-এর সর্বপ্রথম গঠনকালীন নাম কি ছিল?
ক বেঙ্গল ফ্রন্টিয়ারস ফোর্স খ আসাম বেঙ্গল ফ্রন্টিয়ারস ফোর্স
গ ইস্ট পাকিস্তান রাইফেলস ঘ রামগড় লোকাল ব্যাটালিয়ন — ঘ

২৩. বাংলাদেশ সশস্ত্র বাহনীর কোন পর্যায়ের উপাধি অ্যাডমিরাল?
ক সেনাবাহিনী খ পুলিশ বাহিনী
গ নৌ-বাহিনী ঘ বিমান বাহিনী — গ

২৪. জাহানাবাদ সেনানিবাস কোন জেলায়?
ক রাজশাহী খ চট্টগ্রাম গ সিলেট ঘ খুলনা — ঘ

২৫. বাংলাদেশ নৌবাহিনীর প্রথম রণতরীর নাম কি?
ক বিএনএস পদ্মা খ বিএনএস হাজী মহসীন
গ বিএনএস বাশার ঘ বিএনএস ঈশা খা — ক

২৬. বাংলাদেশের প্রথম নৌবহরের নাম-
ক ঈসা খান খ মোয়াজ্জেম গ বঙ্গবন্ধু ঘ তিতুমীর — গ

২৭. বাংলাদেশ নেভাল একাডেমি কোথায় অবস্থিত?
ক পতেঙ্গা খ মংলা গ কক্সবাজার ঘ কুয়াকাটা — ক

২৮. বাংলাদেশ 'মিলিটারি একাডেমি' কোথায় অবস্থিত?
ক চট্টগ্রামের জলদিয়াতে খ চট্টগ্রামের ভাটিয়ারিতে
গ ঢাকার কুর্মিটোলায় ঘ রাজশাহীর সারদায় — খ

২৯. বাংলাদেশের এয়ারফোর্স ট্রেনিং সেন্টার কোথায়?
ক ঢাকা খ চট্টগ্রাম গ যশোর ঘ রাজশাহী — গ

৩০. নিচের কোথায় বাংলাদেশের একমাত্র মেরিন একাডেমি অবস্থিত?
ক ঢাকার সাভারে খ খুলনার রূপসার
গ চট্টগ্রামের জলদিয়ায় ঘ কক্সবাজারে — গ

৩১. 'সোর্ড অব অনার' সম্মান প্রদান উল্লিখিত কোন শ্রেণির সাথে সম্পর্কিত?
ক সেনাবাহিনী খ নৌ-বাহিনী
গ বিমান বাহিনী ঘ পুলিশ বাহিনী — ক

৩২. বাংলাদেশে রাইফেলস এর বর্তমান নাম কি?
ক বর্ডার গার্ড বাংলাদেশ খ বর্ডার রাইফেল্স গার্ড
গ বর্ডার অপারেশন ফ্রন্ট ঘ বাংলাদেশ বর্ডার গার্ড — ক

৩৩. বাংলাদেশের রাষ্ট্রপতির ব্যক্তিগত নিরাপত্তা বাহিনীর নাম কি?
ক প্রেসিডেন্টস গার্ড রেজিমেন্ট খ প্রেসিডেন্টস গার্ড ব্যাটালিয়ন
গ প্রেসিডেন্টস গার্ড ফোর্স ঘ প্রেসিডেন্টস সিকিউরিটি ফোর্স — ক

৩৪. বিডিআর হত্যাকাণ্ড সংঘটিত হয় কবে?
ক ১২ ফেব্রুয়ারি ২০০৭ খ ১ ফেব্রুয়ারি, ১৯৭৬
গ ২৪ ফেব্রুয়ারি ২০০৯ ঘ ২৫ ফেব্রুয়ারি ২০০৯ — ঘ

৩৫. বঙ্গ-ভারত উপমহাদেশের প্রথম পুলিশ ব্যবস্থা কে চালু করেন?
ক মিবার্ড খ সম্রাট আকবর
গ লর্ড ক্যানিং ঘ সম্রাট শাহজাহান — গ

৩৬. ঢাকা মহানগরীতে মেট্রোপলিটন পুলিশ চালু হয়-
ক ১ ফেব্রুয়ারি, ১৯৭৫ খ ১ ফেব্রুয়ারি, ১৯৭৬
গ ১ জানুয়ারি, ১৯৭৭ ঘ ১ জানুয়ারি, ১৯৭৮ — ঘ



# Home Work

১. অ্যাটর্নি জেনারেল রাষ্ট্রের কোন অংশের কর্মকর্তা? [৩৬তম বিসিএস]
ক প্রধানমন্ত্রীর কার্যালয় খ বিচার বিভাগ
গ নির্বাহী বিভাগ ঘ মন্ত্রীপরিষদ বিভাগ গ

২. ঢাকা সিটি কর্পোরেশনের প্রথম নির্বাচিত মেয়র কে ছিলেন? [৪৩তম বিসিএস]
ক আনিসুল হক খ সাঈদ খোকন
গ সাদেক হোসেন খোকা ঘ মোহাম্মদ হানিফ ঘ

৩. বাংলাদেশে ইউনিয়ন পরিষদের সংখ্যা কত? [৩৫তম বিসিএস]
ক ৪৫৫৪ খ ৪৫৫০
গ ৪৫৭৮ ঘ ৪৬০০ গ

৪. বাংলাদেশের সবচেয়ে ছোট ইউনিয়ন কোনটি? [২৯তম ও ২৮তম বিসিএস]
ক সেন্ট মার্টিন খ লালপুর
গ হিলি ঘ লালমোহন ক

৫. বাংলাদেশে মহিলা পুলিশ চালু হয় যে সালে- [২৪তম বিসিএস]
ক ১৯৭৪ খ ১৯৭৫ গ ১৯৭৬ ঘ ১৯৭৭ ক

৬. কোনটি স্থানীয় সরকার নয়? [৩৮তম বিসিএস]
ক পৌরসভা খ পল্লী বিদ্যুৎ
গ সিটি কর্পোরেশন ঘ উপজেলা পরিষদ খ

৭. NILG এর পূর্ণরূপ– [৩৭ তম বিসিএস]
ক National Information Legal Guide
খ National Institute of Local Government
গ National Identity Licence Guide
ঘ National Industrial League Group খ

৮. পার্বত্য চট্টগ্রামে কয়টি জেলা আছে? [২৯তম বিসিএস]
ক ৩টি খ ৫টি গ ৭টি ঘ ৯টি ক

৯. কতজন ব্যক্তি নিয়ে গ্রাম সরকার গঠিত? [২৬তম বিসিএস]
ক ৯ জন খ ১১ জন
গ ১৩ জন ঘ ১৫ জন ঘ

১০. বাংলাদেশে বর্তমানে কয় স্তরবিশিষ্ট স্থানীয় সরকার ব্যবস্থা চালু আছে? [২৫তম বিসিএস]
ক ৩ খ ৪ গ ৫ ঘ ৬ ক

১১. ঢাকা বিভাগে কয়টি জেলা আছে? [২২তম বিসিএস]
ক ১৫টি খ ১৭টি গ ১৪টি ঘ ১২টি
[বি.দ্র.: বর্তমান ঢাকা বিভাগে জেলার সংখ্যা ১৩টি ।]

১২. ঢাকা পৌরসভা কোন সালে প্রতিষ্ঠিত হয়েছিল? [১৬তম বিসিএস]
ক ১৯০৬ সালে খ ১৮৬৪ সালে
গ ১৯১৯ সালে ঘ ১৮৪০ সালে খ

১৩. দেশের কোন জেলাটিতে 'ডিজিটাল জেলা' হিসেবে প্রথম তথ্যপ্রযুক্তিভিত্তিক বিভিন্ন সেবা চালু হয়েছে? [ত.ম.অ.গ.অ. (সহকারী তথ্য অফিসার) '২৩; শি.নি.প্র. (শিক্ষক) (স্কুল) '২২]
ক কুমিল্লা খ যশোর
গ সিলেট ঘ ময়মনসিংহ খ

১৪. ইউনিয়ন ডিজিটাল সেন্টার কী? [বা.নি.ক. (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক) '২৩]
ক ইউনিয়ন পর্যায়ের তথ্যসেবা কেন্দ্র
খ ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার
গ হাই-টেক পার্ক
ঘ কোনোটিই নয় ক

১৫. বাংলাদেশে বর্তমানে বিভাগের সংখ্যা কয়টি? [বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জুনিয়র পরিসংখ্যান সহকারী ২০]
ক ৬টি খ ৭টি গ ৮টি ঘ ৯টি গ

১৬. আয়তনে বাংলাদেশের ক্ষুদ্রতম জেলা কোনটি? [সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপ-সহকারী ১৯]
ক নওয়াবগঞ্জ খ নারায়ণগঞ্জ
গ মেহেরপুর ঘ সাতক্ষীরা খ

১৭. ঢাকা পৌরসভার প্রথম নির্বাচন কবে অনুষ্ঠিত হয়? [দুদক উপ সহকারী পরিচালক/কোর্ট পরিদর্শক-২০২০]
ক ১৬০৮ সালে খ ১৮৬৪ সালে
গ ১৮৮৪ সালে ঘ ১৯৯০ সালে গ

১৮. কোনটি স্থানীয় সরকার নয়? [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ- সহকারী কৃষি কর্মকর্তা- ২০১৯]
ক পৌরসভা খ ইউনিয়ন পরিষদ
গ জেলা প্রশাসন ঘ সিটি কর্পোরেশন গ

১৯. কোনটি স্থানীয় সরকার? [সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপ সহকারী প্রকৌশলী –২০১৯]
ক উপজেলা পরিষদ খ জেলা প্রশাসন
গ স্থানীয় সরকার বিভাগ ঘ বন অধিদপ্তর ক

২০. দেশের সর্বশেষ সিটি কর্পোরেশন কোনটি? [১৫তম স্কুল নিবন্ধন-২০১৯]
ক সিলেট খ ময়মনসিংহ
গ কুমিল্লা ঘ নোয়াখালী খ

২১. নিচের কোনটি মন্ত্রণালয়গুলোর প্রশাসনিক কেন্দ্রস্থল? [পাবলিক সার্ভিস কমিশনে সহ পরিচালক -১৭]
ক মন্ত্রণালয় খ সচিবালয় গ বিভাগ ঘ মন্ত্রিপরিষদ খ

২২. মন্ত্রণালয়ের নির্বাহী প্রধান কে? [মহিলা বিষয়ক অধিদপ্তরের অধীনে উপজেলা মহিলা কর্মকর্তা -১৫]
ক প্রধানমন্ত্রী খ সচিব
গ মন্ত্রীগণ ঘ নির্বাহী পরিচালক গ

২৩. মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান ও মুখ্য হিসাব নিরীক্ষক হলেন– [চবি.ভর্তি পরী (চ ইউনিট)-১৫-১৬]
ক সচিব খ মন্ত্রী
গ চেয়ারম্যান ঘ মহাপরিচালক ক

২৪. মাত্র ১টি সংসদীয় আসন– [৩৭ তম বিসিএস]
ক লক্ষ্মীপুর জেলায় খ মেহেরপুর জেলায়
গ. ঝালকাঠী জেলায় ঘ রাঙ্গামাটি জেলায় ঘ

২৫. বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি সংসদীয় আসন রয়েছে? [সহকারী আবহাওয়াবিদ-১৫]
ক সিলেট খ খুলনা গ ঢাকা ঘ রংপুর গ

২৬. বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী কোন শহরকে বলা হয়? [পরিবেশ অধিদপ্তরের সহ. পরি- ১৭]
ক ঢাকা খ খুলনা গ চট্টগ্রাম ঘ সিলেট গ

২৭. রামু উপজেলা কোন জেলায় অবস্থিত? [পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সহকারী পরিকল্পনা কর্মকর্তা -১৭]
ক বান্দরবান খ রাঙামাটি
গ খাগড়াছড়ি ঘ কক্সবাজার ঘ

২৮. আয়তনের দিক দিয়ে বাংলাদেশের সবচেয়ে বড় বিভাগ কোনটি? [প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (ত্রাণ মন্ত্রণালয়): ১৭]
ক ঢাকা খ চট্টগ্রাম গ খুলনা ঘ রাজশাহী খ

২৯. জেলা প্রশাসকের কাজ তদারকি করেন? [জাবি (বি ইউনিট): ২০১৯-২০]
ক মন্ত্রী খ এম.পি
গ বিভাগীয় কমিশনার ঘ ডিসি গ

৩০. বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন কি ধরনের সংস্থা? [শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের শ্রম পরিদর্শক কেমিক্যাল টেকনোলজি–২০২০]
ক কর্পোরেশন খ সাংবিধানিক সংস্থা
গ সরকারি সংস্থা ঘ স্বায়ত্বশাসত সংস্থা খ

৩১. স্থানীয় স্বায়ত্তশাসন আইন পাস হয় কত সালে? [ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের অধীনে টেলিফোন বোর্ডের সহকারী পরিচালক- ১৭]
ক ১৮৮৫ সালে খ ১৮৮৬ সালে
গ ১৮৮৭ সালে ঘ ১৮৮৮ সালে ক

৩২. বাংলাদেশের উপজেলা ব্যবস্থা চালু হয় কোন সালে? [জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট- ২০১৭]
ক ১৯৮২ খ ১৯৮৩ গ ১৯৮৪ ঘ ১৯৮৫ ক

৩৩. উপজেলা ব্যবস্থার প্রবর্তক কে? [সমাজসেবা পরিদপ্তরে উপতত্ত্বাবধায়ক -১৮]
ক হুসেইন মুহম্মদ এরশাদ খ শেখ মুজিবুর রহমান
গ শেখ হাসিনা ঘ খালেদা জিয়া ক

# Class  Test

১. মধ্যযুগের গৌড় নগরীর অংশবিশেষ বাংলাদেশের কোন জেলায় অবস্থিত?
ক বগুড়া   খ রাজশাহী
গ কুমিল্লা   ঘ চাঁপাইনবাবগঞ্জ

২. আয়তনের দিক দিয়ে বাংলাদেশের সবচেয়ে বড় বিভাগ কোনটি?
ক ঢাকা   খ চট্টগ্রাম
গ খুলনা   ঘ রাজশাহী

৩. বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি সংসদীয় আসন রয়েছে?
ক সিলেট   খ খুলনা
গ ঢাকা   ঘ রংপুর

৪. বাংলাদেশের সবচেয়ে ছোট জেলা (আয়তন) কোনটি?
ক নওয়াবগঞ্জ   খ নারায়ণগঞ্জ
গ মেহেরপুর   ঘ সাতক্ষীরা

৫. বাংলাদেশের বাণিজ্যিক রাজধানী কোন শহরকে বলা হয়?
ক ঢাকা   খ খুলনা
গ চট্টগ্রাম   ঘ সিলেট

৬. বাংলাদেশের সবচেয়ে ঘনবসতিপূর্ণ জেলা কোনটি?
ক কুমিল্লা   খ ঢাকা
গ ময়মনসিংহ   ঘ চট্টগ্রাম

৭. বরকল উপজেলা কোন জেলার অন্তর্গত?
ক খাগড়াছড়ি   খ বান্দরবান
গ রাঙ্গামাটি   ঘ চট্টগ্রাম

৮. বাংলাদেশের কোন জেলা শহরে রিক্সা নেই?
ক চট্টগ্রাম   খ বান্দরবান
গ রাঙ্গামাটি   ঘ খাগড়াছড়ি

৯. রামু উপজেলা কোন জেলায় অবস্থিত?
ক বান্দরবান
খ রাঙ্গামাটি
গ খাগরাছড়ি
ঘ কক্সবাজার

১০. বাংলাদেশের প্রধান বিচারপতি নিয়োগদান করেন কে?
ক প্রধানমন্ত্রী
খ স্পিকার
গ রাষ্ট্রপতি
ঘ নির্বাচন কমিশনার

**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | ঘ |
| ২ | খ |
| ৩ | গ |
| ৪ | খ |
| ৫ | গ |
| ৬ | খ |
| ৭ | গ |
| ৮ | গ |
| ৯ | ঘ |
| ১০ | গ |

**এই Lecture Sheet পড়ার পাশাপাশি কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর 'বাংলাদেশ বিষয়াবলি' অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।**

